

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ
চীফ টেকনিক্যাল ম্যানেজারের কার্যালয়
ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স
ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি)
মহাখালী, ঢাকা-১২১৩।
www.nememw.gov.bd

স্মারক নং- ৪৫.০৭.০০০০.০০১.১১.০০৭.২০- ১৬৫৪

তারিখ: ১২/০৮/২০২০খ্রি.

বিজ্ঞপ্তি

ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার (নিমিউ অ্যান্ড টিসি) এর ৮ টি ৩য় শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরীক্ষার সময়সূচি:

ক্রমিক নং	পরীক্ষার নাম	তারিখ ও বার	পরীক্ষার সময়কাল	পরীক্ষার কেন্দ্র/স্থান
১	লিখিত পরীক্ষা	২৮/০৮/২০২০ শুক্রবার	বেলা ১১:০০ টা হতে ১২:৩০ টা পর্যন্ত	আজিমপুর গভ: গার্লস স্কুল অ্যান্ড কলেজ আজিমপুর, ঢাকা।
২	ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা	২৯/০৮/২০২০ শনিবার	সকাল ১০:০০ টা হতে শুরু	নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা।


২। এ লক্ষ্যে গত ১০/০৮/২০২০ ও ১২/০৮/২০২০ তারিখে প্রাথমিক যাচাই-বাছাইয়ে যোগ্য প্রার্থীদের নিকট ডাকযোগে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ইন্টারভিউ কার্ড/প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে।

৩। প্রাথমিক যাচাই-বাছাইয়ে যোগ্য কোনো প্রার্থী লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ইন্টারভিউ কার্ড/প্রবেশপত্র পরীক্ষার আগে না পেয়ে থাকলে নিমিউ অ্যান্ড টিসি'র টেকনিক্যাল ম্যানেজার (ট্রেনিং) জনাব এম এন নাশিদ রহমান (মোবাইল: ০১৭১৪-২৫৮৩৪৯)এর সাথে যোগাযোগ করে নিমিউ অ্যান্ড টিসি থেকে হাতে হাতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ইন্টারভিউ কার্ড/প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন (শুধুমাত্র প্রাথমিক যাচাই-বাছাইয়ে যোগ্য প্রার্থীরা)।

৪। সামাজিক দূরত্ব বজায় রেখে, মুখে মাস্ক পরে এবং স্বাস্থ্য বিধি মেনে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ ও পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৫। প্রার্থীরা লিখিত পরীক্ষার কেন্দ্রে শুধুমাত্র ইন্টারভিউ কার্ড/প্রবেশপত্র, বলপয়েন্ট কলম ও সাধারণ ক্যালকুলেটর সংগে আনতে ও ব্যবহার করতে পারবেন। মোবাইল ফোন, সাইন্টিফিক ক্যালকুলেটর, ব্যাগ, বই এবং কোনো প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস সংগে আনা যাবে না।

৬। লিখিত পরীক্ষার ফলাফল পরীক্ষার দিনই বিকাল ৬:০০ টার পর পরীক্ষার কেন্দ্রে এবং নিমিউ অ্যান্ড টিসির ওয়েব সাইটে (www.nememw.gov.bd) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।


১২/০৮/২০২০
মোহাঃ আমিনুর রহমান
চীফ টেকনিক্যাল ম্যানেজার
(উপসচিব)

ফোন : ৫৮৮১০৬১৩

E-mail: nememw.govt.bd@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য-

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (প্রশাসন)]।

২। নিমিউ অ্যান্ড টিসি'র বিভাগীয় পদোন্নতি/নিয়োগ কমিটির সদস্যবৃন্দ।

৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।